



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১২ ডিসেম্বর, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর মহাখালীর সাততলা বস্তির দুই শতাধিক ঘর আগুনে পুড়ে যাওয়ার এবং হতাহত হওয়া ঘটনায় ব্লাস্ট এর গভীর উদ্বেগ প্রকাশ এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ও ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী জানাচ্ছে

বিভিন্ন পত্র-পত্রিকায় ও যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, আজ ১২ ডিসেম্বর ২০১৬ তারিখ সোমবার রাত একটার দিকে রাজধানীর মহাখালীর সাততলা বস্তির প্রায় দুইশ ঘর আগুনে পুড়ে গেছে এবং বহুলোক হতাহত হয়েছেন।

প্রসঙ্গত, গত ৪ ডিসেম্বর সাততলা বস্তির দুই কিলোমিটারের মধ্যে থাকা মহাখালীর কড়াইল বস্তিতে আগুন লাগে। সেই অগ্নিকাণ্ডে পাঁচশতাধিক ঘর পুড়ে যায়। শুধু তাই নয় গত নয় মাসের ব্যবধানে রাজধানীর মহাখালীর কড়াইল বস্তিতে ২ বার আগুন লেগেছে। দেশের বিভিন্ন অঞ্চলের নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত মানুষ ঐ স্থানে বসবাস করে আসছে। এদের অধিকাংশই গার্মেন্টস শ্রমিক, দিন মজুর ও নির্মাণ শ্রমিক।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের এবং আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে। পাশাপাশি সংবিধানের ২৮(১) অনুচ্ছেদ অনুসারে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জনস্বাস্থ্যের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না।

এছাড়াও ১৯৯৩ সালের জাতীয় গৃহায়ণ নীতিতে (১৯৯৯ সালে সংশোধিত) বলা হয়েছে পুনর্বাসন ছাড়া কোন বস্তি উচ্ছেদ করা যাবে না।

ব্লাস্ট এ ধরনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং অগ্নিকাণ্ডের সঠিক কারণ অনুসন্ধানপূর্বক ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান পূর্বক পুনর্বাসনের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd